


পোকা পরিচিতি

পূর্ণবয়স্ক পাতামোড়ানো পোকা এক ধরনের মথ। গায়ের রঙ বাদামি এবং পাখায় আড়াআড়ি ভাবে ২-৩টি দাগ থাকে।


এ পোকার জীবনচক্রে চারটি স্তর থাকে (ডিম, কীড়া, পুত্তলি এবং বয়স্ক মথ)। পূর্ণবয়স্ক স্ত্রী মথ পাতার মধ্যশিরার কাছে একটা একটা করে ডিম পাড়ে এবং ৫-৭ দিনের মধ্যে ডিম থেকে কীড়া বের হয়। কীড়াগুলো মোড়ানো পাতার মধ্যেই জীবন কাটায়। তিন থেকে চার সপ্তাহে কীড়া পুত্তলিতে পরিণত হয়। পুত্তলির জীবনকাল এক সপ্তাহ এবং পূর্ণবয়স্ক মথ ৭-১০ দিন বেঁচে থাকতে পারে।



পাতামোড়ানো পোকাকার মথ

ক্ষতি

- ▶ পাতামোড়ানো পোকাকার কীড়া পাতা লম্বালম্বিভাবে মুড়িয়ে পাতার সবুজ অংশ খায়।
- ▶ খুব বেশি ক্ষতি করলে পাতা পুড়ে যাওয়ার মতো দেখায়।



আক্রমণের লক্ষণ

দমন ব্যবস্থাপনা

- ▶ আলোক ফাঁদের সাহায্যে পোকা ধরে মেরে ফেলা।
- ▶ ক্ষেতে ডালপালা পুঁতে পোকাখেকো পাখির সাহায্যে দমন করা।
- ▶ প্রয়োজনে কীটনাশক ব্যবহার করা। (তবে এক্ষেত্রে শতকরা ২৫ ভাগ পাতা ক্ষতিগ্রস্ত হলেই কীটনাশক প্রয়োগের চিন্তা করা উচিত)।